

নং-৩৬.০৯.০০০০.০০১.০২.০০২.১১/৫৮ (ক)

তারিখঃ ১৮ ফেব্রুয়ারী ২০১৯ খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এর ৩ (তিন) জন কর্মকর্তাকে সিলেকশন গ্রেড স্কেল মঞ্জুরী।

জাতীয় বেতনস্কেল /২০০৯ এর ৭(৭) অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এর ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটির গত ১৩/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ ও গত ২২/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত বিএবি'র ৩৭তম বোর্ড সভার সিদ্ধান্ত ৩ এর(খ) মোতাবেক বিএবি'র ৩ (তিন) জন ১ম শ্রেণির কর্মকর্তাকে নিম্নে বর্ণিত সারণীতে তাদের নামের পাশে উল্লিখিত তারিখ হতে জাতীয় বেতনস্কেল ২০০৯ এর (৭ম গ্রেড) সিলেকশন গ্রেড স্কেল মঞ্জুর করা হ'ল।

ক্র. নং	কর্মকর্তার নাম ও পদবী	চাকরিতে যোগদানের তারিখ ও বেতনস্কেল	বর্তমান পদে হওয়ার তারিখ	চাকরি ৪ বছর পূর্তিতে সিলেকশন গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী) প্রাপ্যতার তারিখ ও বেতনস্কেল
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	জনাব মনিরুল হক পাশা সহকারী পরিচালক/এ্যাক্রেডিটেশন অফিসার	২৪/১১/২০১০ জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ১১০০০-২০৩৭০/- (৯ম গ্রেড)	২৪/১১/২০১০	২৪/১১/২০১৪ ১৫০০০-২৬২০০/- (৭ম গ্রেড)
২.	জনাব মোঃ তৌহিদুর রহমান সহকারী পরিচালক/এ্যাক্রেডিটেশন অফিসার	২৪/১১/২০১০ জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ১১০০০-২০৩৭০/- (৯ম গ্রেড)	২৪/১১/২০১০	২৪/১১/২০১৪ ১৫০০০-২৬২০০/- (৭ম গ্রেড)
৩.	জনাব মোহাম্মদ আব্বাছ আলম সহকারী পরিচালক/এ্যাক্রেডিটেশন অফিসার	২৪/১১/২০১০ জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ১১০০০-২০৩৭০/- (৯ম গ্রেড)	২৪/১১/২০১০	২৪/১১/২০১৪ ১৫০০০-২৬২০০/- (৭ম গ্রেড)

- ২। বর্ণিত কর্মকর্তাদের চাকরির মেয়াদ চার বছর পূর্তির তারিখ অর্থাৎ ২৪/১১/২০১৪ তারিখ হতে জাতীয় বেতনস্কেল ২০০৯ এর ৭(৭) অনুচ্ছেদ অনুযায়ী বিধি মোতাবেক সকল আর্থিক বকেয়া প্রাপ্য হবেন।
- ৩। কর্মকর্তাদের প্রাপ্য আর্থিক বকেয়া বিএবি'র ২০১৯-২০ অর্থবছরের মঞ্জুরীকৃত অর্থের স্থিতিসাপেক্ষে অথবা ২০১৯-২০ অর্থবছরের বাজেট থেকে পরিশোধ করা হবে।
- ৪। সিলেকশন গ্রেড প্রাপ্তিতে ডবিষ্যতে কোনরূপ জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে এর দায় গ্রহণ করবেন। কর্তৃপক্ষ/ অফিস কোনরূপ এর দায় বহণ করবে না।
- ৫। সিলেকশন গ্রেড প্রাপ্তিতে কোনরূপ অডিট আপত্তির সম্মুখীন হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আপত্তির সমুদয় অর্থ সরকারী কোষাগারে/বিএবি'র তহবিলে ফেরত দিতে বাধ্য থাকবেন যা সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রত্যয়ন দাখিল করবেন।


২৫/১/১৯

মোঃ মনোয়ারুল ইসলাম

মহাপরিচালক

ফোনঃ ৯৫১৩২২১

ই-মেইলঃ dg@bab.org.bd

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

- ১। উপসচিব (বাজেট ও হিসাব), শিল্প মন্ত্রণালয়;
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), বিএবি;
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়; [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়;
- ৫। সকল কর্মকর্তা, বিএবি;
- ৬। হিসাব শাখা, বিএবি;
- ৭। অফিস নথি।